



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল  
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১-৩৪৪৫

তারিখ: ২৫/১১/২০২৪ খ্রি.

**বিষয়: আলু উৎপাদনে উত্তম কৃষি চর্চা (GAP) বিষয়ক কৃষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship, and Resilience in Bangladesh (PARTNER) প্রোগ্রামের অর্থায়নে মাঠ পর্যায়ে GAP বাস্তবায়ন শুরু হয়েছে। প্রকল্পের DLI-1 এর আওতায় চলতি অর্থবছরে রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার অভিরাম নুরপুর গ্রামে আলুর GAP ভেলিডেশন ট্রায়াল বাস্তবায়িত হচ্ছে। কার্যক্রমের অংশ হিসেবে আগামী ১৯ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে মিঠাপুকুর উপজেলায় আলু উৎপাদনে উত্তম কৃষি চর্চা বিষয়ক কৃষক প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, আগামী ১৯ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে সকাল ৯:৩০ ঘটিকায় মিঠাপুকুর উপজেলায় মোট ২৫ জন আলু চাষী মনোনয়ন করতঃ কৃষক প্রশিক্ষণ আয়োজনের জন্য অনুরোধ করা হলো। প্রশিক্ষণের যাবতীয় ব্যয় GAP ইউনিট, বিএআরসি কর্তৃক বহন করা হবে। প্রশিক্ষণে মনোনীত কৃষকগণকে NID এর ফটোকপি সংগে আনার অনুরোধ করা হলো। কৃষক প্রশিক্ষণ শেষে ভেলিডেশন ট্রায়াল সরেজমিনে পরিদর্শন করা হবে।

(ড. মোঃ আবদুহ হালীম)

সদস্য পরিচালক (শস্য) ও

আহ্বায়ক, GAP ইউনিট

বিএআরসি।

উপজেলা কৃষি কর্মকর্তা  
মিঠাপুকুর, রংপুর

**কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। জনাব মোহাম্মদ সফিউজ্জামান, প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প ও আহ্বায়ক, GAP ইউনিট, ডিএই, খামারবাড়ি (প্রশিক্ষণ বাস্তবায়নে সার্বিক সমন্বয় ও GAP প্রত্যয়ন ও আবেদন প্রক্রিয়া বিষয়ে লেকচার প্রদানের অনুরোধসহ)।
- ২। ড. যাকীয়াহ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি) ও সদস্য সচিব, GAP ইউনিট, বিএআরসি (GAP মডিউল বিষয়ে প্রশিক্ষণে লেকচার প্রদানের অনুরোধসহ)।
- ৩। ড. এটিএম তানজিমুল ইসলাম, এসএসও, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর (GAP আনুসরণে আলুর উৎপাদন প্রযুক্তি বিষয়ে লেকচার প্রদানের অনুরোধসহ)।
- ৪। ড. মিয়া সাদিদ হুসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ফার্মগেট, ঢাকা (প্রশিক্ষণ আয়োজন ও GAP এর ধারণা ও মূলনীতি বিষয়ে লেকচার প্রদানের অনুরোধসহ)।

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- ৩। পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- ৪। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫। এজেক্সি প্রোগ্রাম ডাইরেক্টর, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
- ৬। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।